

কবিতা

মানুষ তুমি জেসে গুঠো

কনা মাহমুদ

কিছু নাম আছে যা গেঁথে যায়।
 মানুষ ? কিছু আছে যা মুছে যায়।
 চারপাশে দেয়াল গাঁথা এ হৃদয় পুড়ছে কেবল -
 মৃন্ময়ীরা উড়ে যায় -
 আমি যখন দেখি আমার আবাসভূমি লুপ্ত।
 আমি দেখি আমার কালো ভাইটির অধিকার শীর্ণ,
 আরও দেখি তেলের মালিকের অভিনয়ে মুগ্ধ পৃথিবী।
 একটি শিশুর চোখ ঘৃণায় অস্থির -
 ভালোবাসা ? সে তো তোমার উড়ে যাওয়া।
 আর্দশ ? মার্কিন তরণীর বুকে চে গুয়েভারার জলছবি।
 ভুলগীত আমার যৌথ ভূমি

জন্মভূমি

ও

আবাসভূমি

আমি এক সামান্য কবি !
 রাগ, দুঃখ অভিমান মানুষের উপর
 সব এই কলমেই বন্দী।
 আশা ভঙ্গের যুগে আজ আমাদের বসবাস,
 পারিনা তো সরদার স্যারের ক্যানভাসে
 এঁকে দিতে কোন কৃষাণীর আঁচলে ঢাকা হাসি।
 তবু খুব ইচ্ছে হয়, যদি কোনদিন পারি
 এই বিশ্বকে করে যাব এক নিষ্পাপ ক্যানভাস।
 তরুন শিল্পীদের ছোঁয়ায় সেখানে
 রঙধনুরা আর বিক্ষিপ্ত হবে না।
 মানবতন্ত্র প্রশ্ন করে - বুশ
 why are you doing what you're doing?
 উত্তর -

Because I don't know anything else to do.

I'm good at it.

এ কোন বসতি আমার ...

সম্মুখে অন্ধকার

শিয়রে আশা

তবু একদিন আঁধার চিরে আলোর রশ্মি

গেয়ে উঠবে গান . . .

“ সৎকেত পেয়ে গেছি বন্ধু

সেই দিন নেই আর বেশীদূর

কিষণেরা উঠায়েছে কাস্তে

ন্যায়ের ডাক দেয় মজদুর।”